

# পল্লী পরিক্রম



www.brdb.gov.bd

অক্টোবর-ডিসেম্বর ২০২০ বর্ষ ৪ সংখ্যা ১৪

## ভেতরের পাতায় গুরুত্বপূর্ণ শিরোনাম....

ক্র্যাশ প্রোগ্রাম সফলের লক্ষ্যে ৭দিন ব্যাপী অনলাইন প্রশিক্ষণ	২
পরিদর্শন ও নিরীক্ষা কার্যক্রম ফলপ্রসূ করার লক্ষ্যে কর্মশালা অনুষ্ঠিত	২
মুক্তিযোদ্ধা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী বীরমুক্তিযোদ্ধাদের মাঝে ঋণ সহায়তা প্রদান, কালিয়াকৈয়র, গাজীপুর	৩
সুফোলভোগী কৃষকদের বিনামূল্যে ৪ বীজ বিতরণ, মাধবপুর, হবিগঞ্জ	৪
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ৭ মাননীয় সচিব কর্তৃক পিআরডিপি- ৩ এর বিভিন্ন স্কিম উদ্বোধন।	৭
অন্যান্য	৮- ১০

গত ৮ অক্টোবর ২০২০ তারিখে বিআরডিবি'র সম্মেলন কক্ষে Local Governance Programme, Sharique (Phase-IV) এর Concept Sharing Seminar অনুষ্ঠিত হয়। উক্ত সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিআরডিবি'র মহাপরিচালক মহোদয়।



সদর কার্যালয়ের কর্মকর্তাদের ৬০ ঘণ্টা (ইনহাউজ) প্রশিক্ষণ বিআরডিবি'র সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। দিনব্যাপী প্রশিক্ষণ কার্যক্রম উদ্বোধন করেন বিআরডিবি মহাপরিচালক (গ্রেড-১) জনাব সুপ্রিয় কুমার কুন্ডু। নিয়োগ ও পদোন্নতি বিধিমালা, সরকারি কর্মচারী (নিয়মিত উপস্থিতি) বিধিমালা-২০০৯, সরকারি চাকরি আইন-২০১৮ ও ছুটি বিধিমালার বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়।



## মহাপরিচালকের বার্তা

পল্লী এলাকার জনগণকে সংগঠিত ও প্রশিক্ষণের মাধ্যমে অধিক খাদ্য উৎপাদন, আধুনিক কৃষি পদ্ধতির সম্প্রসারণ, কৃষি উৎপাদন বৃদ্ধি, খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণ এবং পল্লী অঞ্চলের কর্মসংস্থান সৃজন করার লক্ষ্যে সরকারের গুরুত্বপূর্ণ সেবাদানকারী প্রতিষ্ঠান বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এর ত্রৈমাসিক ই-বুলেটিন “পল্লী পরিক্রম” অক্টোবর-ডিসেম্বর, ২০২০ বর্ষ ৪, সংখ্যা ১৪ প্রকাশিত হ’ল। এই দায়িত্বপূর্ণ কাজটির সাথে সংশ্লিষ্ট সকলকে আমার পক্ষ থেকে আন্তরিক অভিনন্দন জানাই।

সুপ্রিয় কুমার কুন্ডু  
মহাপরিচালক (গ্রেড-১)



# বাংলাদেশ পঞ্জী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এর ত্রৈমাসিক ই-বুলেটিন পঞ্জী পরিক্রমা

অক্টোবর-ডিসেম্বর, ২০২০ বর্ষ ৪ সংখ্যা ১৪

## বিআরডিবি'র ক্র্যাশ প্রোগ্রাম সফল করার লক্ষ্যে ৭দিনব্যাপী অনলাইন প্রশিক্ষণ কর্মসূচি



গত ১১, ১২, ১৩, ১৪, ১৯, ২০ ও ২১ অক্টোবর ২০২০ তারিখে চলমান বিআরডিবি'র ক্র্যাশ প্রোগ্রাম সফল করার লক্ষ্যে ৭ দিনব্যাপী অনলাইন প্রশিক্ষণ কর্মসূচি অনুষ্ঠিত হয়। মহাপরিচালক (শ্রেড-১) জনাব সুপ্রিয় কুমার কুন্ডু মহোদয় ক্র্যাশ প্রোগ্রাম সফল করার লক্ষ্যে বিভিন্ন দিকনির্দেশনা প্রদান করেন এবং তিনি আরো বলেন ক্র্যাশ প্রোগ্রাম হাতে নেওয়ার কারণে মাঠ পর্যায়ে কার্যক্রমের গতি যেমন বৃদ্ধি পেয়েছে, তেমনি অনেক জেলা ও উপজেলায় খেলাপী ঋণের পরিমাণ হ্রাস পেয়েছে।

## বিআরডিবি'র সম্মেলন কক্ষে 'পরিদর্শন ও নিরীক্ষা কার্যক্রম ফলপ্রসূ করার লক্ষ্যে কর্মশালা অনুষ্ঠিত



গত ২৯ অক্টোবর ২০২০ তারিখে বিআরডিবি'র সম্মেলন কক্ষে 'পরিদর্শন ও নিরীক্ষা কার্যক্রম ফলপ্রসূ করার জন্য গৃহীত ক্র্যাশ প্রোগ্রামে করণীয় নির্ধারণ এবং পরিদর্শন/নিরীক্ষা নোট লিখনের কৌশল অবহিতকরণ' বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিআরডিবি'র মহাপরিচালক (শ্রেড-১) জনাব সুপ্রিয় কুমার কুন্ডু।

গত ২৯ অক্টোবর ২০২০ তারিখে জনাব মো: আবু সালেক, যুগ্মপরিচালক, বিআরডিবি ও প্রকল্প পরিচালক, অংশীদারিত্বমূলক পঞ্জী উন্নয়ন প্রকল্প এবং ৩১ ডিসেম্বর ২০২০ তারিখে জনাব এস.এম আরিফ জুলফিকার, যুগ্মপরিচালক (অর্থ ও হিসাব), বিআরডিবি, ঢাকা এর অবসরজনিত বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত হয়।





# বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এর ত্রৈমাসিক ই-বুলেটিন

## পল্লী পরিক্রমা

অক্টোবর-ডিসেম্বর, ২০২০ বর্ষ ৪ সংখ্যা ১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী বিআরডিবি, কালিয়াকৈর, গাজীপুর তিনজন বীর মুক্তিযোদ্ধাকে ঋণ সহায়তা প্রদান এবং সুফোলভোগী সদস্যদের মধ্যে গাছের চারা বিতরণ করেন।



গত ২২ অক্টোবর ২০২০ তারিখে বিআরডিবি, কালিয়াকৈর, গাজীপুর এর আয়োজনে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আ.ক.ম মোজাম্মেল হক বিআরডিবি'র সুফোলভোগী তিনজন বীর মুক্তিযোদ্ধাকে ১,৭০,০০০ (এক লক্ষ সত্তর হাজার) টাকা ঋণ সহায়তা প্রদান করেন।

বনবিভাগের সহায়তায় বিআরডিবি'র সুফোলভোগী সদস্যদের মাঝে গাছের চারা বিতরণ করেন। এ সময় উপস্থিত ছিলেন কালিয়াকৈর উপজেলার উপজেলা নির্বাহী কর্মকর্তা জনাব কাজী হাফিজুল আমিন, উপজেলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কালিয়াকৈর ইউসিসিএ লিঃ এর চেয়ারম্যান ও সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তাসহ বিআরডিবি'র সুফোলভোগী সদস্যবৃন্দ।



গাইবান্ধা সমন্বিত পল্লী দারিদ্র্য দূরীকরণ প্রকল্পের সুফোলভোগীদের মাঝে প্রশিক্ষণ সমাপনী সনদপত্র, ঋণ বিতরণ, গাছের চারা ও বীজ বিতরণ এবং মতবিনিময় সভা



গত ১৮ অক্টোবর ২০২০ তারিখে গাইবান্ধা সমন্বিত পল্লী দারিদ্র্য দূরীকরণ প্রকল্পের সুফোলভোগীদের মাঝে প্রশিক্ষণ সমাপনী সনদপত্র, ঋণ বিতরণ, গাছের চারা ও বীজ বিতরণ এবং মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। উক্ত মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন গাইবান্ধা জেলার সম্মানিত জেলা প্রশাসক জনাব মোঃ আবদুল মতিন। সভায় গাইবান্ধা সমন্বিত পল্লী দারিদ্র্য দূরীকরণ প্রকল্পের সুফোলভোগী সদস্যদের মাঝে প্রশিক্ষণ শেষে

সনদপত্র প্রদান, ঋণ বিতরণ, গাছের চারা ও বীজ বিতরণ করেন জনাব মোঃ রেজাউল আহসান, সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ। এসময় প্রকল্প পরিচালক, গাইবান্ধা প্রকল্প ও উপরিচালক, বিআরডিবি, গাইবান্ধা প্রকল্পের কার্যক্রম তুলে ধরেন।





# বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এর ত্রৈমাসিক ই-বুলেটিন

## পল্লী পরিক্রমা

অক্টোবর-ডিসেম্বর, ২০২০ বর্ষ ৪ সংখ্যা ১৪

### ভার্চুয়াল সভা ও ভিডিও কনফারেন্স



সদর কার্যালয়ে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের সম্মেলন কক্ষে জনসংযোগ ও সমন্বয় শাখার আয়োজনে গত ১১ অক্টোবর ২০২০ তারিখে এক ভার্চুয়াল সভা ও ভিডিও কনফারেন্স অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিআরডিবি'র মহাপরিচালক (গ্রেড-১) জনাব সুপ্রিয় কুমার কুন্ডু। বিআরডিবি'র সকল জেলার উপপরিচালকবৃন্দ জুম এ্যাপের মাধ্যমে যুক্ত ছিলেন। বিআরডিবি'র মাঠ পর্যায়ের কার্যক্রম নিয়ে বিস্তারিত আলোচনা হয়। ভিডিও কনফারেন্সের মাধ্যমে বিআরডিবি'র মাঠ পর্যায়ে উপপরিচালকগণ ও প্রকল্প কর্মকর্তগণ কে বিভিন্ন দিকনির্দেশনা প্রদান করেন।

বিআরডিবি, মাধবপুর, হবিগঞ্জ কর্তৃক  
বাস্তবায়নাধীন অপ্রধান শস্য প্রকল্পের  
সুফোলভোগী কৃষকদের বিনামূল্যে বীজ বিতরণ

পিআরডিপি-৩ এর আওতায় বিআরডিবি, সদর, কিশোরগঞ্জ  
দানাপাটুলী ইউনিয়নের দানাপাটুলী মাইপুর পাড়া গ্রামে ৮টি  
পরিবারের স্বাস্থ্যসম্মত পায়খানা ও টিউবয়েল স্থাপন



গত ৮ অক্টোবর ২০২০ তারিখে মাধবপুর, হবিগঞ্জ এ বিআরডিবি কর্তৃক বাস্তবায়িত দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে পুষ্টি সমৃদ্ধ উচ্চ মূল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচীর মাধ্যমে ৮০ জন কৃষককে বিনামূল্যে বীজ ও গাছের চারা বিতরণ করা হয় এবং আবর্তক ঋণ তহবিল থেকে ১৯ জন সদস্যকে মোট ৭,১৫,০০০/- (সাত লক্ষ পনের হাজার) ঋণ সহায়তা প্রদান করা হয়। এ সময় উপস্থিত ছিলেন, মাধবপুর উপজেলা নির্বাহী অফিসার, জনাব তাসনুভা নাসরিন, উপ প্রকল্প পরিচালক জনাব এ এইচ এম সাইফুর রহমান, অপ্রধান শস্য বিশেষজ্ঞ জনাব শাহরিয়ার আলম ও উপজেলা পল্লী উন্নয়ন অফিসার জনাব এম এ ফয়সাল চৌধুরী।



গত ১৮ অক্টোবর ২০২০ কিশোরগঞ্জ সদর উপজেলার দানাপাটুলী ইউনিয়নের দানাপাটুলী মাইপুর পাড়া গ্রামে ২০২০-২০২১ অর্থ বছরের বাস্তবায়িত সমাপ্ত স্কীম পরিদর্শন করেন উপজেলা পল্লী উন্নয়ন অফিসার জনাব আব্দুল কাদের মিয়া। উক্ত স্কীমগুলো বাস্তবায়নে ৮টি দরিদ্র পরিবার স্বাস্থ্যসম্মত পায়খানা ব্যবহার করতে পারছে এবং প্রায় ৩০টি পরিবার বিশুদ্ধ পানি পান করতে পারছে।



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এর ত্রৈমাসিক **ই-বুলেটিন**

**পল্লী পরিক্রমা**

অক্টোবর-ডিসেম্বর, ২০২০ বর্ষ ৪ সংখ্যা ১৪

গত ২২ নভেম্বর ২০২০ তারিখে জাতীয় পল্লী উন্নয়ন পদক-২০১২-২০১৮ বিতরণ অনুষ্ঠান উপলক্ষ্যে স্মরণিকা প্রস্তুতি উপ-কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় স্মরণিকার প্রচ্ছদসহ সার্বিক বিষয় নিয়ে আলোচনা হয়।



বিআরডিবি কর্তৃক বাস্তবায়নাধীন পিআরডিপি-৩ আওতায় সিরাজগঞ্জের উপল্লাপাড়া উপজেলার জনবহুল গয়হাটা বাজারে জনসাধারণের জন্য বিশুদ্ধ খাবার পানি উন্মুক্তকরণ



বিআরডিবি কর্তৃক বাস্তবায়নাধীন পিআরডিপি-৩ প্রকল্পের আওতায় সিরাজগঞ্জের উপল্লাপাড়া উপজেলার পূর্ণিমাগাঁতী ইউপি'র ২২টি গ্রাম নিয়ে গঠিত গয়হাটা বাজারে বিশুদ্ধ খাবার পানি উন্মুক্তকরণ ও হাত ধোয়ার বেসিন স্থাপনের উত্তোখনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার, সিরাজগঞ্জ জেলার শ্রেষ্ঠ ইউপি চেয়ারম্যান, উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, ইউপি সদস্যবৃন্দ, গ্রাম কমিটির সদস্যবৃন্দ ও গ্রামের সাধারণ মানুষ। উল্লেখ্য, স্কীমটি করোনা ভাইরাস প্রতিরোধে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। প্রতিদিন বাজারে ২২টি গ্রামের অসংখ্য মানুষের সমাগম ঘটে। তাছাড়া প্রধানমন্ত্রীর স্বপ্ন 'গ্রাম হবে শহর' সেই স্বপ্ন বাস্তবায়নের লক্ষ্যে সাব-মার্বেলসহ স্কীমটি বাস্তবায়নের ফলে গ্রামবাসীর দীর্ঘদিনের চাহিদা পূরন হলো।

বিআরডিবি, কালিয়াকৈর, গাজীপুর বিভূতীন মহিলা দলের সদস্যদের মাঝে গাছের চারা বিতরণ



গত ৩ নভেম্বর ২০২০ তারিখে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, কালিয়াকৈর, গাজীপুর কর্তৃক বিভূতীন মহিলা দলের ২৩জন সদস্যদের গাছের চারা বিতরণ করা হয়। এ সময় উপস্থিত ছিলেন উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জনাব মোঃ আব্দুস ছাত্তার, সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা।



# বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এর ত্রৈমাসিক ই-বুলেটিন

## পল্লী পরিক্রমা

অক্টোবর-ডিসেম্বর, ২০২০ বর্ষ ৪ সংখ্যা ১৪

বিআরডিবি, ডিমলা, নীলফামারী কর্তৃক অপ্রধান প্রকল্পের ৩টি দলে অপ্রধান শস্য উৎপাদনের লক্ষ্যে ঋণ বিতরণ



গত ২৩ নভেম্বর ২০২০ তারিখে নীলফামারী জেলার ডিমলা উপজেলার বিআরডিবি কর্তৃক বাস্তবায়নধীন দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে পুষ্টি সমৃদ্ধ উচ্চ মূল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচীর ৩টি দলঃ (১) উত্তর তিতপাড়া, (২) দক্ষিণ ছাতনাই বালাপাড়া ও (৩) ঘুঘুর ডাংগা ৩টি দলের সর্বমোট ২৬ জন উপকারভোগীর মাঝে অপ্রধান শস্য "পিয়াজ, রসুন ও মরিচ" চাষের জন্য ৩ লক্ষ ১০ হাজার টাকা ঋণ সহায়তা প্রদান করা হয়। এসময় উপস্থিত ছিলেন ডিমলা বিআরডিবি'র উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জনাব মোঃ রাজিউর রহমান।

টাংগাইল, ঘাটাইল, বিআরডিবি কর্তৃক বীরমুক্তিযোদ্ধাদের দলে ঋণ বিতরণ



গত ১৮ নভেম্বর ২০২০ তারিখে বিআরডিবি, ঘাটাইল, টাংগাইল ৫ জন বীর মুক্তিযোদ্ধা কে ঋণ সহায়তা প্রদান করেন মাননীয় সংসদ সদস্য জনাব আলহাজ্ব আতাউর রহমান খান মহোদয় ও জনাব অনন্জন কুমার সরকার উপজেলা নির্বাহী অফিসার মহোদয়। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার জনাব শারমিন আক্তার।

### ক্ষুদ্র উন্নয়ন বৃহৎ সুবিধা



গত ১৮/১১/২০২০ বিআরডিবি, কোটালিপাড়া, গোপালগঞ্জ এ বিআরডিবি কর্তৃক বাস্তবায়নধীন পিআরডিপি-৩ আওতায় খালের উপর কাঠের ব্রিজ তৈরি করা।

### বিআরডিবি, কালিয়াকৈয়র, গাজীপুর এর উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা চলমান রাস্তার কাজ সরেজমিনে পরিদর্শন



বিআরডিবি কর্তৃক বাস্তবায়নধীন অংশীদারিত্বমূলক পল্লী উন্নয়ন প্রকল্প-৩ মাধ্যমে কালিয়াকৈয়র, গাজীপুর এর গোপিনপুর রাস্তার চলমান কাজ সরেজমিনে পরিদর্শন করছেন উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জনাব আব্দুস ছাত্তার। এ সময় সাথে ছিলেন ইউডিও, গ্রাম কমিটির সদস্য ও সুফোলভোগী গ্রামবাসী।



# বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এর ত্রৈমাসিক ই-বুলেটিন

## পল্লী পারিক্রমা

অক্টোবর-ডিসেম্বর, ২০২০ বর্ষ ৪ সংখ্যা ১৪

পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় সচিব মহোদয় পিআরডিপি-৩ এর বিভিন্ন ক্ষিম উদ্বোধন।



গত ২৪ ডিসেম্বর ২০২০ তারিখে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড মিঠাপুকুর, রংপুর কর্তৃক বাস্তবায়নাধীন পিআরডিপি-৩ প্রকল্পের স্বীকৃতির ভিত্তি প্রস্তর স্থাপন করেন পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের মাননীয় সচিব জনাব রেজাউল আহসান মহোদয়।

বিআরডিবি'র সম্মেলন কক্ষে ভার্চুয়াল সভা ও ভিডিও কনফারেন্স অনুষ্ঠিত

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের মাননীয় সচিব জনাব রেজাউল আহসান কর্তৃক বিআরডিবি'র উদকনিক প্রকল্পের সুফোলভোগী প্রশিক্ষণার্থীদের মাঝে প্রশিক্ষণ উপকরণ ও সনদপত্র বিতরণ



সদর কার্যালয়ের সম্মেলন কক্ষে জনসংযোগ ও সমন্বয় শাখার আয়োজনে গত ০৭ ডিসেম্বর ২০২০ তারিখে এক ভার্চুয়াল সভা ও ভিডিও কনফারেন্স অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিআরডিবি'র মহাপরিচালক (গ্রেড-১) জনাব সুপ্রিয় কুমার কুন্ডু। বিআরডিবি'র সকল জেলার উপপরিচালকবৃন্দ জুম এ্যাপের মাধ্যমে যুক্ত ছিলেন। বিআরডিবি'র মাঠ পর্যায়ের কার্যক্রম নিয়ে বিস্তারিত আলোচনা হয়। ভিডিও কনফারেন্সের মাধ্যমে বিআরডিবি'র মাঠ পর্যায়ে উপপরিচালকগণ ও প্রকল্প কর্মকর্তগণ কে বিভিন্ন দিকনির্দেশনা প্রদান করেন।

গত ২৪ ডিসেম্বর ২০২০ তারিখে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড মিঠাপুকুর, রংপুর এর আওতাধীন উত্তরাঞ্চলের দরিদ্রদের কর্মসংস্থান নিশ্চিতকরণ কর্মসূচি (উদকনিক) এর ২০তম ব্যাচের ৬০ দিনব্যাপি প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের মাননীয় সচিব জনাব মোঃ রেজাউল আহসান। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উত্তরাঞ্চলের দরিদ্রদের কর্মসংস্থান নিশ্চিতকরণ কর্মসূচি (উদকনিক) এর সম্মানিত প্রকল্প পরিচালক জনাব এবিএম রফিকুল ইসলাম। অনুষ্ঠানে মাননীয় সচিব জনাব মোঃ রেজাউল আহসান প্রশিক্ষণার্থীদের মাঝে প্রশিক্ষণ উপকরণ ও সনদপত্র বিতরণ করেন।

## বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এর ত্রৈমাসিক ই-বুলেটিন



## পল্লী পরিচরমা

অক্টোবর-ডিসেম্বর, ২০২০ বর্ষ ৪ সংখ্যা ১৪

POCO  
SHOT ON POCO M2 PRO

গত ৯ ডিসেম্বর ২০২০ তারিখে বিআরডিবি'র মহাপরিচালক (গ্রেড-১), জনাব সুপ্রিয় কুমার কুন্ডু, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের মাননীয় সচিব জনাব মোঃ রেজাউল আহসান এবং স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব স্বপন ভট্টাচার্য গোপালগঞ্জের টুঞ্জিপাড়াস্থ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর সমাধি সৌধে শ্রদ্ধা নিবেদন করেন।

১৬ ডিসেম্বর মহান বিজয় দিবসে মহাপরিচালক (গ্রেড-১), জনাব সুপ্রিয় কুমার কুন্ডু সীমিত পরিসরে কর্মকর্তাদের নিয়ে সদর কার্যালয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে শ্রদ্ধার্ঘ্য অর্পণ।



গত ৩০ ডিসেম্বর ২০২০ তারিখে বিআরডিবি'র জেলা ও উপজেলা কার্যালয়ের অডিট ও পরিদর্শন কার্যক্রমের রংপুর বিভাগের অডিট টিমের নিরীক্ষা প্রতিবেদন এর পর্যালোচনা সভা



গোপালগঞ্জের কাশিয়ানী উপজেলাধীন বিআরডিবি'র ওরাকান্দি মহিলা বিত্তহীন দলের সদস্যদের সাথে মতবিনিময় করেন বিআরডিবি'র মহাপরিচালক (গ্রেড-১) জনাব সুপ্রিয় কুমার কুন্ডু। মতবিনিময় ও পরিদর্শনশেষে মহাপরিচালক মহোদয় মহিলা সদস্যদের মাঝে গাছের চারা বিতরণ করেন।



# বাংলাদেশ পশু উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এর ত্রৈমাসিক ই-বুলেটিন

## পশু পরিক্রমা

অক্টোবর-ডিসেম্বর, ২০২০ বর্ষ ৪ সংখ্যা ১৪

### দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে পুষ্টি সমৃদ্ধ উচ্চ মূল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচী এর সুফলভোগীর প্রদর্শনী প্লট



বাংলাদেশ পশু উন্নয়ন বোর্ড এর আওতাধীন বাস্তবায়িত "দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে পুষ্টি সমৃদ্ধ উচ্চ মূল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচীর আওতায় মরিচ, পিয়াজ, রসুন এর প্রদর্শনী প্লট, শাজাহানপুর, বগুড়া।



দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে পুষ্টি সমৃদ্ধ উচ্চ মূল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচীর আওতায় দেশের গ্রামীণ কৃষকদের অপ্রধান শস্য (মসলা, ডাল ও তেল জাতীয় ফসল) উৎপাদনের মাধ্যমে সুফলভোগী সদস্যদের অর্থনৈতিক স্বনির্ভরতা অর্জনের মাধ্যমে আমদানী কমিয়ে বৈদেশিক মুদ্রা সংরক্ষণের সহায়ক হিসাবে বিআরডিবি, জাজিরা, শরীয়তপুর মানিক নগর তপাদারকান্দি দলের সুফলভোগী কৃষকের মাঝে প্রদত্ত ভুট্টা বীজের প্রদর্শনী প্লট পরিদর্শন।

### পিআরডিপি-৩ প্রকল্পের আওতায় বিআরডিবি, শিবগঞ্জ, বগুড়ায় গ্রাম কমিটির সভা অনুষ্ঠিত



গত ২৯ ডিসেম্বর ২০২০ তারিখে বিআরডিবি, কর্তৃক বাস্তবায়নাধীন অংদারিত্বমূলক পশু উন্নয়ন প্রকল্প-৩ এর আওতায় বগুড়া জেলাধীন শিবগঞ্জ উপজেলাধীন ইটের রাস্তা সলিংকরণের লক্ষ্যে গ্রামবাসীদের নিয়ে গ্রাম কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। সভায় গ্রাম কমিটির মতামতের ভিত্তিতে রাস্তার কাজের সিদ্ধান্ত গৃহীত হয়।

### বিআরডিবি, ঘাটাইল, টাংগাইল এ ৪টি কৃষক সমবায় সমিতির সদস্যদের মাঝে ঋণ বিতরণ



গত ৩০ ডিসেম্বর ২০২০ তারিখে বিআরডিবি, ঘাটাইল, টাংগাইল চারটি কৃষক সমবায় সমিতিতে মোট ২০লক্ষ ২২ হাজার টাকা ও পদাবিকের এর ১টি দলে ৮ লক্ষ টাকা সর্বমোট ২৮ লক্ষ ২২ হাজার টাকা ঋণ সহায়তা প্রদান।  
নলমা কেএসএস ৯ লক্ষ ১০ হাজার টাকা ঋণ সহায়তা প্রদান।  
জোডদিঘী কেএসএস ৬লক্ষ ৭০ হাজার টাকা ঋণ সহায়তা প্রদান।  
বাগুনডালি কেএসএস ৩লক্ষ ৪২হাজার টাকা ঋণ সহায়তা প্রদান  
খুলনাপাড়া কেএসএস ২ লক্ষ টাকা ঋণ সহায়তা প্রদান।  
ফকিরচালা ধোপাপাড়া ৮ লক্ষ টাকা ঋণ সহায়তা প্রদান।



# বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এর ত্রৈমাসিক ই-বুলেটিন

## পল্লী পারিক্রমা

অক্টোবর-ডিসেম্বর, ২০২০ বর্ষ ৪ সংখ্যা ১৪



### যোগাযোগ:

উপপরিচালক (জনসংযোগ ও সমন্বয়)  
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
পল্লীভবন  
৫, কাওরান বাজার, ঢাকা।

ফোন : ০২-৮১৮০০১৮  
মোবাইল : ০১৭১৬-৭৪৫৫৭২  
ফ্যাক্স : ০২-৮১৮০০০৩  
Email : ddprc@brdb.gov.bd  
Web : www.brdb.gov.bd

[www.facebook.com/brdb.gov/](https://www.facebook.com/brdb.gov/)

[www.youtube.com/channel/UC6JvyUA74AJFYtIqNEPHs0A](https://www.youtube.com/channel/UC6JvyUA74AJFYtIqNEPHs0A) featured

[https://twitter.com/\\_BRDB](https://twitter.com/_BRDB)

বিআরডিবি, ঘাটাইল, টাংগাইল এর পাকুটিয়া এমএসএস দলের সুফোলভোগী সদস্যদের খামার সরেজমিনে পরিদর্শন করেন উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা।



## বিআরডিবি'র বিভিন্ন জেলা ও উপজেলার সুফোলভোগী সদস্যদের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান



গত ২৮ ডিসেম্বর ২০২০ তারিখে সাতক্ষীরা, শ্যামনগর উপজেলায় বিআরডিবি'র অধীনে পরিচালিত মহিলা সমন্বয় সমিতির ২৫ জন সুফোলভোগীকে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রশিক্ষক হিসেবে উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, উপজেলা প্রাণিসম্পদ অফিসার ও উপজেলা মহিলা বিষয়ক অফিসার উপস্থিত ছিলেন।



গত ২৩ ডিসেম্বর ২০২০ তারিখে নীলফামারী, ডিমলা উপজেলায় বিআরডিবি'র আওতাধীন প্রাথমিক সমন্বয় সমিতি ও অন্যান্য সমাপ্ত প্রকল্প/কর্মসূচির সমন্বয়ী/সুফোলভোগী সদস্যদের মাঝে দিনব্যাপি দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রশিক্ষণ সেশন পরিচালনা করেন উপপরিচালক, বিআরডিবি, নীলফামারী জনাব মোঃ আব্দুল হান্নান ও ডিমলা থানার অফিসার ইনচার্জ, উপজেলা ভেটেরিনারি সার্জন ও উপজেলা পল্লী উন্নয়ন অফিসার।